তারিখ 27 MAR 2016
পৃষ্ঠা ৩ কলাম ১

দৈনিক জনকণ্ঠ

# ফেসবুকে উস্কানিমূলক মন্তব্য করায় মাদ্রাসা ছাত্র গ্রেফতার

**স্টাফ রিপোর্টার সিলেট অফিস ॥** ফেসবুকে রাষ্ট্র, সরকার ও ধর্ম নিয়ে উস্কানিমূলক মন্তব্য ও জিহাদের ডাক দেয়ার অভিযোগে এক মাদ্রাসা ছাত্রকে গ্রেফতার করেছে বিয়ানীবাজার থানা পুলিশ। গ্রেফতারকৃত জাহেদ আহমদ মুরাদ (২০) বিয়ানীবাজার পৌর এলাকার খাসাড়িপাড়া গ্রামের মুক্তিযোদ্ধা সিরাজ উদ্দিনের ছেলে। মুরাদ ওয়ার্ড ছাত্র জমিয়তের সেক্রেটারি বলে জানা গেছে।

শুক্রবার গভীর রাতে পুলিশ তার বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে। বিয়ানীবাজার থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ জুবের আহমদ জানান, মাদ্রাসা ছাত্র মুরাদ দীর্ঘদিন থেকে তার ফেসবুক পেজে রাষ্ট্র, সরকার এবং ধর্মীয় উস্কানিমূলক মন্তব্য করে আসছে। সর্বশেষ সে সবাইকে জিহাদের প্রস্তুতি নেয়ার আহবান জানিয়ে একটি মন্তব্য পোস্ট করে। আইনশৃঙ্খলা বাহিনীর সাইবার অপরাধ বিশেষজ্ঞরা বিষয়টি নজরে এনে তাকে গ্রেফতারের জন্য তৎপর হয়ে ওঠেন।